

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।


তারিখ: ২৬ নভেম্বর, ২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৬-১১-২০২৪ তারিখ জনাব মো: আক্তারুজ্জামান, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে থাই সিগনেচার রেস্টুরেন্ট, ৬/এ, গুলশান-২ ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে রেস্টুরেন্টটির রেফ্রিজারেটরে যথার্থ লেবেল সংযোজন ব্যতিরেকে মোমো, স্প্রিং রোল, মুরগির মাংস মজুদ করতে দেখা যায়; রান্নাঘরে সামান্য অপরিষ্কার অবস্থায় যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে দেখা যায়; এছাড়াও রেস্টুরেন্টে কর্মরত খাদ্যকর্মীদের স্বাস্থ্যসনদ ও প্রিমিসেস লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়। রেস্টুরেন্ট কর্তৃপক্ষের কাছে এসকল অপরাধের ব্যাখ্যা জানতে চাইলে তারা ফ্রিজের ভিতরের খাদ্যোপকরণগুলোর লেবেলিং পানির কারণে উঠে গিয়েছে; দুপুর বেলা রেস্টুরেন্টে ভিড় থাকতে রান্নাঘর কিছুটা অপরিষ্কার রয়েছে এবং খাদ্যকর্মীদের স্বাস্থ্যসনদ ও প্রিমিসেস লাইসেন্স করতে দেয়া হয়েছে যা হাতে পৌঁছায় নি। রেস্টুরেন্ট কর্তৃপক্ষের ব্যাখ্যা সন্তোষজনক হওয়ায় মামলা হতে অব্যাহতি প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মোহাম্মদ ইমরান হোসেন মোল্লা, মনিটরিং অফিসার ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

  
২৬.১১.২০২৪

বি. এম. রুহুল আমিন রিমন  
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।